

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উন্নয়ন প্রকল্পসমূহের আওতাভুক্ত নির্মাণকাজের স্থাপত্য নকশা প্রনয়নের জন্য প্রয়োজনীয় তথ্যাদি, দলিল ও চাহিদামালার তালিকাঃ

ক্র.সং	বিভাগ	প্রয়োজনীয় তথ্য/দলিল/চাহিদামালা	মন্তব্য
১।	প্রস্তাবিত জমি সংক্রান্ত দলিলাদি	ক) প্রস্তাবিত জমির দলিল (প্রযোজ্য ক্ষেত্রে)।	
		খ) প্রকল্পের অনুকূলে প্রস্তাবিত জমির বরাদ্দপত্র।	
		গ) প্রস্তাবিত জমির ভূমি ব্যবহারের ধরন সংক্রান্ত তথ্য/দলিল।	
২।	প্রস্তাবিত জমির ডিজিটাল সার্ভে (জরিপ নকশা)র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত হাউস কপি এবং সফট কপিতে সন্নিবেশিত আত্মবিশ্বাসীয় তথ্যাদি	ক) প্রস্তাবিত সাইটের সকল পার্শ্বের সীমারেখা বিস্তারিত নির্ভুল পরিমাপ এবং সকল কৌণিক পরিমাপ।	
		খ) প্রস্তাবিত সাইট সংলগ্ন এবং আভ্যন্তরীণ সকল রাস্তার ধরন, পরিমাপ এবং সাইটের মূল প্রবেশ পথ চিহ্নিতকরণ।	
		গ) প্রস্তাবিত সাইটের দিকনির্দেশনা চিহ্ন (উত্তর-দিক প্রদর্শিত)	
		ঘ) প্রস্তাবিত সাইটের কন্ট্রোল-ম্যাপ (স্পট লেভেল সার্ভে সহ)	
		ঙ) প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে বিদ্যমান সকল স্থাপনার বিশদ অবস্থান ও পরিমাপ এবং অপসারণযোগ্য স্থাপনা থাকলে তা চিহ্নিতকরণ।	
		চ) প্রস্তাবিত সাইটের সকল পার্শ্ব সংলগ্ন বিদ্যমান সকল স্থাপনার পরিমাপ, অবস্থান ও বিবরণ।	
		ছ) প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে বিদ্যমান পূর্ণবয়স্ক বৃক্ষ, জনসাধারণের ব্যবহার্য উন্মুক্ত মাঠ, গুরুত্বপূর্ণ বৈদ্যুতিক লাইন/পিলার, গুরুত্বপূর্ণ ভাষ্কর্য/মন্যুমেন্ট/সমাধিস্থল (যদি থাকে) ইত্যাদির সুস্পষ্ট অবস্থান, পরিমাপ ও বিবরণ।	
		জ) প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে বিদ্যমান সকল জলাশয়ের অবস্থান, আয়তন ও গভীরতার বিবরণ।	
		ঝ) প্রস্তাবিত সাইটে বিদ্যমান ভবনের আভ্যন্তরীণ পুনর্বিন্যাস/উর্ধ্বমুখী সম্প্রসারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ভবনসমূহের বিস্তারিত এজ-বিল্ট নকশা।	
৩।	গুরুত্বপূর্ণ ছাড়পত্রসমূহ	ক) প্রস্তাবিত সাইটের অভ্যন্তরে অথবা সীমানা হতে ২৫০ মিটারের মধ্যে বিদ্যমান ঐতিহাসিক (Heritage) স্থাপনা অথবা বিশেষ স্থাপনা/নিদর্শন (কেপিআই ইত্যাদি) থাকলে প্রকল্প বাস্তবায়নের অনুকূলে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।	
		খ) প্রস্তাবিত সাইটে বিদ্যমান জলাশয় ভরাট কিম্বা পাহাড় কর্তনের প্রস্তাবের ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র।	
		গ) বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিকট হতে প্রস্তাবিত সাইটে নির্মাণকাজের সর্বোচ্চ উচ্চতার ছাড়পত্র।	
৪।	প্রস্তাবিত প্রকল্পের অন্তর্ভুক্ত সুবিধাদির বিশদ চাহিদামালা	ক) প্রস্তাবিত প্রকল্পের আওতায় অনুমোদিত জনবলের (অথবা প্রস্তাবিত জনবলের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) সকল গ্রেডের পদ সংখ্যা ও বেতন স্কেল উল্লেখপূর্বক বিশদ বিবরণ।	
		খ) প্রস্তাবিত প্রকল্পে অন্তর্ভুক্ত জনবল ব্যতিরেকে অন্যান্য সকল সুবিধাদির/চাহিদামালার ধারণক্ষমতা/পরিমাপসহ বিশদ বিবরণ (অডিটোরিয়াম, কনফারেন্স/মিটিং রুম লাইব্রেরী, কম্পিউটার ল্যাব, নামাজের রুম, ক্যাফেটেরিয়া, ডে-কেয়ার সেন্টার ইত্যাদি)।	
		গ) প্রস্তাবিত প্রকল্পে অন্তর্ভুক্ত ভবন ব্যতীত অন্যান্য আনুষঙ্গিক চাহিদামালার বিশদ বিবরণ (দাপ্তরিক ও অতিথি গাড়ি পার্কিং সুবিধার সংখ্যা, ল্যান্ডস্কেপিং ইত্যাদি)।	